



পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮/৯/১০)

৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড

ঢাকা-১০০০

[www.pallisanachaybank.gov.bd](http://www.pallisanachaybank.gov.bd)

সার্কুলার নং ২১/২০২২-৯৯৬৮

তারিখ: ১৬/০১/২০২৩

- ১) জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা  
সকল জেলা, পল্লী সঞ্চয় ব্যাংক।
- ২) নিরীক্ষা দলনেতা  
সকল নিরীক্ষা কার্যালয়, পল্লী সঞ্চয় ব্যাংক।
- ৩) ব্যবস্থাপক  
সকল শাখা, পল্লী সঞ্চয় ব্যাংক।

বিষয়: ২৭ জানুয়ারি ২০২৩, রোজ শুক্রবার অনুষ্ঠিতব্য সম্মেলনে অংশগ্রহণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে উল্লিখিত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। আগামী ২৭ জানুয়ারি ২০২৩, রোজ শুক্রবার বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লাতে পল্লী সঞ্চয় ব্যাংকের সকল জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, নিরীক্ষা দলনেতা, ব্যবস্থাপকগণদের সমন্বয়ে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক একটি সম্মেলন আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

০৩। উক্ত সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন পল্লী সঞ্চয় ব্যাংকের মাননীয় চেয়ারম্যান, জনাব মো: আকরাম-আল-হোসেন, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন অত্র ব্যাংকের সন্মানিত ব্যবস্থাপনা পরিচালক, জনাব শেখ মো: জামিনুর রহমান, সভাপতিত্ব করবেন বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা এর সন্মানিত মহাপরিচালক মহোদয়।

০৪। উক্ত সম্মেলনটি সকাল ৯.৩০ ঘটিকায় শুরু হবে, সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে সম্মেলনে অংশগ্রহণপূর্বক সম্মেলনটি সফল করার জন্য নির্দেশ দেওয়া হলো। সম্মেলনের দিনব্যাপী কার্যক্রম পরবর্তীতে জানিয়ে দেয়া হবে।

০৫। উল্লেখ্য, সম্মেলনে অংশগ্রহণকারীগণ প্রচলিত বিধি মোতাবেক টিএ/ডিএ ভাতা প্রাপ্য হবেন।

অনুমোদনক্রমে,

(ইলিয়াস মোহাম্মদ মাসুম বিল্লাহ)

উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

তারিখ: ১৬/০১/২০২৩

পসব্য/প্রকা/প্রশা-১০৮/৯৯৬৮(২)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. স্টাফ অফিসার টু চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
২. স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
৩. স্টাফ অফিসার টু উপ-ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
৪. স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
৫. স্টাফ অফিসার টু মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা।
৬. অফিস নথি।

(মো: তানভীর হাসান মজুমদার)

সিনিয়র অফিসার